

## মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নম্বরঃ ১০৮০

পর্ব-৪: সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ২৩. তৃতীয় অনুচ্ছেদ - জামা'আত ও তার ফযীলত সম্পর্কে

আরবী

وَعَنْ أَبِي بَكْرٍ بْنِ سُلَيْمَانَ بْنِ أَبِي حَثْمَةَ قَالَ: إِنَّ عُمَرَ بْنَ الْخَطَّابِ فَقَدَ سُلَيْمَانَ بْنَ أَبِي حَثْمَةَ فِي صَلَاةِ الصُّبْحِ وَإِنَّ عُمَرَ غَدَا إِلَى السُّوقِ وَمَسَكَنُ سُلَيْمَانَ بَيْنَ الْمَسْجِدِ وَالسُّوقِ فَمَرَّ عَلَى الشِّفَاءِ أُمِّ سُلَيْمَانَ فَقَالَ لَهَا لَمْ أَرِ سُلَيْمَانَ فِي الصُّبْحِ فَقَالَتْ إِنَّهُ بَاتَ يُصَلِّيَ فَغَلَبَتْهُ عَيْنَاهُ فَقَالَ عُمَرُ لَأَنْ أَشْهَدَ صَلَاةَ الصُّبْحِ فِي الْجَمَاعَةِ أَحَبُّ إِلَيَّ مِنْ أَنْ أَقُومَ لَيْلَةً. رَوَاهُ مَالِكٌ

বাংলা

১০৮০-[২৯] আবু বকর ইবনু সুলায়মান ইবনু আবু হাসমাহ্ (রহঃ) হতে বর্ণিত। তিনি বলেন, 'উমার ইবনুল খাত্তাব (রাঃ) ফজরের (ফজরের) সালাতে (আমার পিতা) সুলায়মানকে হাযির পাননি। সকালে 'উমার (রাঃ) হাটে গেলেন। সুলায়মানের বাড়ীটি মাসজিদ ও হাটের মাঝামাঝি স্থানে। তিনি সুলায়মান-এর মা শিফা-এর পাশ দিয়ে যাওয়ার সময় জিজ্ঞেস করলেন, কি ঘটনা আজ সুলায়মানকে ফাজরের (ফজরের) জামা'আতে দেখলাম না! সুলায়মানের মা উত্তর দিলেন, আজ সারা রাতই সুলায়মান সালাতে অতিবাহিত করেছে। তাই ঘুম তার ওপর বিজয়লাভ করেছে। 'উমার (রাঃ) বললেন, আমি সাক্ষ্য দিচ্ছি যে, আমি সারা রাত সালাতে দাঁড়িয়ে থাকার চেয়ে আমার নিকট ফাজরের (ফজরের) সালাতের জামা'আতে অংশগ্রহণ করাটা বেশী প্রিয়। (মালিক)[1]

ফুটনোট

[1] সহীহ : মালিক ২৯৬, সহীহ আত্ তারগীব ৪২৩।

ব্যাখ্যা

ব্যাখ্যা: (لَأَنْ أَشْهَدَ صَلَاةَ الصُّبْحِ فِي الْجَمَاعَةِ أَحَبُّ إِلَيَّ مِنْ أَنْ أَقُومَ لَيْلَةً) “জামা'আতে ফাজরের (ফজরের) সালাত (সালাত/নামায/নামাজ) আদায় করা আমার নিকট সারারাত নফল সালাত আদায় করার চেয়ে অধিক

প্রিয়।” এতে বুঝা যায় নফল সালাতের কারণে ফরয সালাতের জামা‘আত পরিত্যাগ করা উচিত নয়। কেননা তা নফলের চাইতে অনেক গুরুত্বপূর্ণ।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=55640>

📖 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন